এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৭২

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. ★ 'ক' গ্রামে গত বছর খরায় সমস্ত আবাদি ফসল নষ্ট হয়। ঐ গ্রামের সকলেই ফসলের অভাবে ঠিকমতো তাদের চাহিদা মেটাতে পারেনি। এ পর্যায়ে রোগ বালাই প্রকট আকার ধারণ করে। পরবর্তীতে সরকার তাদের চাহিদা পূরণে বিভিন্ন পদক্ষেপ নেয়।

ক. কাদেরকে চরম দরিদ্র বলে গণ্য করা হয়? ১

খ. মৌল মানবিক চাহিদা বলতে কী বোঝ? ২

গ. 'ক' গ্রামে কোন কোন চাহিদার অভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পরিস্থিতিতে কী কী সমস্যার সৃষ্টি হতে পারে বলে তুমি মনে কর, মন্তব্য করো। ৪

২. ▶ পূণ্য ঢাকা বারডেম হাসপাতালের একটি শাখায় মাস্টার্সের ব্যবহারিক প্রশিক্ষণ করছে। সেখানে প্রতিদিন গরিব ও দুস্থ রোগীকে বিভিন্ন চিকিৎসা ক্ষেত্রে সহায়তা করাই পূণ্যর কাজ। এখানে কাজ করে সে নিজেকে একজন পেশাদার সমাজকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে প্রয়াসী।

ক. ক্লিনিক্যাল শব্দটি কোথা থেকে উদ্ভুত? ১

খ. মানবিক শাখার সাথে বিদ্যালয় সমাজকর্মের সম্পর্ক লেখো। ২

গ. পূণ্য সমাজকর্মের কোন শাখায় কাজ করেছে? সেই শাখার পটভূমি মূল্যায়ন করো। ৩

ঘ. একজন দক্ষ সমাজকর্মী হিসেবে উক্ত বিভাগে পূণ্যের কাজের ভূমিকা মূল্যায়ণ করো। ৪

৩. ★ সাভারের একটি গার্মেন্টস মালিক ও শ্রমিক দ্বন্দ্বের কারণে উৎপাদন বন্ধ হয়ে যায়। ফলে কর্মচারীদের ছাটাই করে নতুন করে কারখানা শুরু করতে

https://teachingbd24.com

চাইলে তারা প্রতিবাদ ও আন্দোলন শুরু করে। উচ্চবিত্ত কর্মচারিদের সমস্যা না হলেও নিম্ন শ্রেণির কর্মীদের পথে বসতে হয়। এদের সমস্যা সমাধান ও উভয় পক্ষের মধ্যে সমঝোতার জন্য তৃতীয় পক্ষের প্রয়োজন উপলব্ধি করে।

ক. সাইকিয়াট্রিক সমাজকর্ম কী? ১

খ. প্রবীণ সমাজকর্ম বলতে কী বোঝ? ২

গ. উক্ত সমস্যা সমাধানে সমাজকর্মের কোন শাখা তৃতীয় পক্ষ হিসেবে কাজ করতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত সমস্যা সমাধানে তৃতীয় পক্ষ কীভাবে ভূমিকা রাখতে পারে? মতামত দাও। ৪

৪.▶ ময়নার বাবা একজন কৃষক। সম্প্রতি আলোচিত একটি প্রাকৃতিক ঘটনা নিয়ে তিনি বেশ চিন্তিত। বিশ্বব্যাপী উষ্ণতা বৃদ্ধির এ ঘটনার মূল উৎস হিসেবে কাজ করেছে। মানুষের জীবন-জীবিকার ক্ষেত্রে এটি নৈতিক প্রভাব ফেলেছে। এ অবস্থার মোকাবিলার জন্য উদ্বুদ্ধমূলক কর্মসূচি প্রয়োজন।

ক. HIV কী? ১

খ. মাদকাসক্তি বলতে কী বোঝ? ২

গ. ময়নার বাবা কোন ঘটনা নিয়ে চিন্তিত? কৃষিক্ষেত্রে উক্ত ঘটনার নেতিবাচক প্রভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত অবস্থার মোকাবিলায় উদ্দীপকে উল্লিখিত ক্ষেত্রে সমাজকর্মীর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৫. ★ 'চ' গ্রামের আরজু মিয়া একজন দরিদ্র কৃষক। তার চার ছেলে ও তিন মেয়ে। তার মত দিনমজুরের পক্ষে এত বড় পরিবারের ভরণপোষণ কষ্টকর। তার ছোট সন্তানটি ভয়ানক দুর্বল। তার স্বাভাবিক শারীরিক বৃদ্ধি ঘটে না। ডাক্তার জানান খাদ্যের অভাবেই এমন হয়েছে।

ক. কাম্য জনসংখ্যা কাকে বলে? ১

খ. সামাজিক সমস্যাগুলোর মধ্যে আন্ত:সম্পর্ক বিদ্যমান কেন? ২

গ. আরজু মিয়ার পরিবারের সমস্যার প্রধান কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ছোট সন্তানের সৃষ্ট সমস্যার নাম কী? উক্ত সমস্যা বাস্তবে আরও সমস্যা সৃষ্টি করতে পারে— তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

৬.▶ জনাব মহিদ ক্লাসে শিক্ষার্থীদের সমাজের একটি বিষয় নিয়ে আলোচনা কালে বলেন, সমাজের মানবজীবন ও প্রকৃতির ধারাকে নিয়ন্ত্রণ করার জন্য রয়েছে অনুষ্ঠান ও প্রতিষ্ঠান, যা সমাজে আর্তমানবতার সেবাসহ আদর্শ মূল্যবোধ গঠনে কার্যকর ভূমিকা পালন করে।

ক. সামাজিক সংস্থা কী? ১

খ. সামাজিক প্রতিষ্ঠান বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রতিষ্ঠানের নাম কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানের তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৭.▶ অরুন একাদশ শ্রেণির ছাত্র। পারিবারিক কারণে ইদানিং সে পড়াশোনায় অমনোযোগী হয়ে পড়ে। মাঝে মাঝে রাত করে বাসায় ফিরে। একপর্যায়ে মাদক গ্রহণ করতে শুরু করে। এ অবস্থা তার জন্য হুমকিস্বরূপ। এ অবস্থা যুবসমাজকে ধ্বংসের দিকে নিয়ে যেতে পারে। এজন্য সরকার একটি আদেশ জারি করে।

ক. আইন কাকে বলে? ১

খ. আইন মানুষের বাহ্যিক আচরণের নিয়ন্ত্রক– বুঝিয়ে লেখো। ২

গ. অরুনের সমস্যা সমাধানের ক্ষেত্রে কোন আইনটি প্রযোজ্য? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত আইন বাস্তবায়নে সমাজকর্মীর ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮. ★ ১৫ বছরের ছেলে আবিদ। সে একবারেই মা-বাবার কথা শোনে না। উচ্ছৃঙ্খল জীবনযাপন করে। রাস্তায় মেয়েদেরকে উত্যক্ত করে। এলাকা থেকে তার বিরুদ্ধে একটি মামলা হয়। পুলিশ আবিদকে আদালতে হাজির করলে বিচারক তাকে একটি ভিন্ন আদালতে প্রেরণ করেন।

ক. কত সালে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো প্রতিষ্ঠিত হয়? ১

খ. জাতীয় মানবাধিকারের কাজের ধরন ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আবিদকে যে আদালতে প্রেরণ করা হয় তা কোন ধরনের কর্মসূচির অর্ন্তভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাস্তি নয়, সংশোধনই উক্ত কর্মসূচির উদ্দেশ্য– বিশ্লেষণ করো। ৪

৯.▶ সম্প্রতি ঘূর্ণিঝড় তিতলী ভয়ঙ্কর শক্তি নিয়ে উপকূল অতিক্রম করে যায়। সমুদ্র বন্দরগুলোতে মহাবিপদ সংকেত দেওয়া হয়। যদিও তেমন কোনো আঘাত হানেনি, সরকার পূর্বের ন্যায় এ দুর্যোগ মোকাবিলা করার জন্য পূর্ব এবং পরবর্তী প্রস্তুতির পরিকল্পনা নিয়েছে।

https://teachingbd24.com

ক. কিশোর আদালত কবে প্রতিষ্ঠা করা হয়? ১

খ. মানবাধিকার কমিশন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনার কার্যক্রমসমূহ বর্ণনা করো। ৩

ঘ. উক্ত কার্যক্রমে সমাজকর্ম পদ্ধতির প্রয়োগ বিশ্লেষণ করো। ৪

১০.▶ সম্প্রতি পাঠ্যপুস্তকের ধারণাসমূহ আরো আকর্ষণীয় ও সহজবোধ্য করতে ১৭টি বইয়ে বাংলাদেশের প্রেক্ষাপট অনুযায়ী বিভিন্ন মাল্টিমিডিয়া উপকরণ সংযোজন করা হয়েছে। বাংলাদেশে কর্মরত সবচেয়ে বড় স্বেচ্ছাসেবী সংস্থাটি এ কাজ করছে। গ্রামের ভূমিহীন ও দরিদ্র শ্রেণির ছেলেমেয়েদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যেও সংস্থাটি বেশিকিছু কার্যক্রম পরিচালনা করছে।

ক. ইউসেপ কী? ১

খ. গ্রামীণ ব্যাংককে কেন নোবেল পুরস্কারে ভূষিত করা হয়েছে? ২

গ. উদ্দপিকে বাংলাদেশে কর্মরত কোন বেসরকারি সংগঠনের ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি উক্ত সংগঠন কর্তৃক পরিচালিত কার্যক্রমের আংশিক প্রতিচ্ছবি মাত্র— ব্যাখ্যা করো। ৪

১১. ★ সামির রেজা সমাজকর্মের সম্মান শ্রেণির ছাত্র। তাত্ত্বিক কোর্স শেষে সে ব্যবহারিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে। সমাজকর্মের অনুশীলনের জন্য তাকে পাঠানো হয় মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে। সেখানে সে তার অধীন মাদকাসক্ত রোগীদের যথাযথ মূল্য ও মর্যাদা দেয়। ফলে রোগীরা তার সেবার প্রতি আস্থাশীল হয়। সে তার প্রতিষ্ঠানের সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে।

ক. মাঠকর্ম কী? ১

খ. গ্রুপ ম্যানেজমেন্ট বলতে কী বোঝ? ২

গ. সামির রেজার কার্যক্রমে মাঠকর্মের কোন নীতিমালার প্রতিফলন দেখা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. যথাযথভাবে মাঠকর্ম সম্পাদনে আরও কিছু নীতি অনুসরণ করতে হয়— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৭২

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ Problem শব্দটির উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ—

ⓚ Problema ⓚ Problomia
ⓖ Probleme ⓖ Problomela

২. Common Human needs-গ্রন্থের লেখক কে?

ⓚ Robert L Barker
ⓚ Charlott Towle
ⓖ Jarry and Jarry
ⓖ R.M Maelver

৩. ★ ঘুম কোন ধরনের চাহিদা?

i. মৌল মানবিক চাহিদা
ii. মৌলিক চাহিদা
iii. মানবিক চাহিদা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

কবিরের বাবার চিকিৎসা করাতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যায়। কিন্তু হাসপাতালে গিয়ে সে প্রথমে কী করবে তা বুঝে উঠতে পারছিল না। এজন্য তাকে নানান জটিলতায় পড়তে হয়। তার এ অবস্থার উত্তরণে হাসপাতালে সমাজকর্মের একটি কর্মসূচি চালু আছে।

৪. কবিরের এ ধরনের সমস্যা সমাধানে কে ভূমিকা রাখতে পারে?

ⓚ মাঠকর্মী
ⓚ চিকিৎসা সমাজকর্মী
ⓖ শিল্প সমাজকর্মী
ⓖ সাইকিয়াট্রিক সমাজকর্মী

৫. রোগীদের বিভিন্ন জটিলতা দূরীকরণে উদ্দীপকে ইঙ্গিতকৃত কর্মসূচি ভূমিকা পালন করে—

i. ডাক্তার, নার্স ও রোগীর মধ্যে সমন্বয়ের মাধ্যমে
ii. রোগীর উদ্বিগ্নতা ও দূরীকরণের মাধ্যমে
iii. রোগীর চিকিৎসা প্রদানের মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬. ★ সাইকিয়াট্রিক সমাজকর্মী হিসেবে প্রথম কে নিয়োগ পেয়েছিলেন?

ⓚ ড. এলা ওয়েব
ⓚ এলিজাবেথ হর্টন
ⓖ ড. রিচার্ড সি ক্যাবেট
ⓖ মেরি ই রিচমন্ড

৭. HIV-এর পূর্ণরূপ কী?

ⓚ Human Immun deficiency Virus
ⓚ Human Immuno dificiency Virus
ⓖ Human Immuno deficiency Virus
ⓖ Human Immun deficiency Virus

৮. অটিজমে আক্রান্ত শিশুদের অক্ষমতা পরিলক্ষিত হয়—

i. খাবার গ্রহণের ক্ষেত্রে
ii. সামাজিকতার ক্ষেত্রে
iii. আচার-আচরণের ক্ষেত্রে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৯. নিচের কোনটি সামাজিক অনাচারের উদাহরণ?

ⓚ নিরক্ষরতা ⓚ দারিদ্রতা
ⓖ পুষ্টিহীনতা ⓖ যৌতুক প্রবণতা

১০. ★ মানুষের আচার-আচরণ নিয়ন্ত্রণ ও সংশোধনে কোন সংস্থা কাজ করে?

ⓚ সামাজিক প্রতিষ্ঠান ⓚ সাহায্যার্থী
ⓖ রাজনৈতিক দল ⓖ মানবাধিকার কমিশন

১১. ★ সাম্প্রতিক কালের জাতীয় সমস্যা কোনটি?

ⓚ বাল্যবিবাহ ⓚ জঙ্গিবাদ
ⓖ বহুবিবাহ ⓖ যৌতুক প্রথা

১২. ইংরেজি Religion শব্দটি উৎপত্তি হয়েছে—

ⓚ Religere ⓚ Religare
ⓖ Religar ⓖ Reliere

১৩. ★ কত সালে মুসলিম পারিবারিক আইন প্রণীত হয়?

ⓚ ১৯২৯ ⓚ ১৯৫৬
ⓖ ১৯৬১ ⓖ ১৯৮০

১৪. কোন আইনে উত্তরাধিকার সংক্রান্ত ধারা সংযোজিত আছে?

ⓚ শিশু আইন ১৯৭৪
ⓚ মুসলিম পারিবারিক আইন ১৯৬১
ⓖ যৌতুক নিরোধ আইন ১৯৮০
ⓖ নারী নির্যাতন আইন ১৯৮৩

https://teachingbd24.com

১৫. ★ বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯ অনুযায়ী মেয়েদের বিবাহের সর্বনিম্ন বয়স কত?
ক) ১৬ খ) ১৭
গ) ১৮ ঘ) ১৯

নিচের উদ্দীপকটি পড়ে ১৬-১৮ নং প্রশ্নের উত্তর দাও:
মোটর সাইকেল, টিভি, ফ্রিজ সাথে দিয়ে দু'বছর আগে মেয়ের বিয়ে দেন দবির মিয়া। মেয়ের সুখ আশা করে ছিলেন তিনি। কিন্তু তার মেয়ে আজ নির্যাতনের শিকার হয়ে তার কাছে আশ্রয় নিয়েছে।

১৬. উদ্দীপকের আলোচনায় কোন জিনিসটি ফুটে উঠেছে?
ক) যৌতুক খ) পারিবারিক অশান্তি
গ) বিবাহ ঘ) নারী নির্যাতন

১৭. দবির মিয়ার মেয়ের বিয়েতে উপহর সামগ্রী যে কারণে দেয়—
i. মেয়ের সুখের জন্য
ii. মেয়ের মর্যাদা বৃদ্ধির জন্য
iii. মেয়ে জামাইয়ের দাবি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. ★ দবির মিয়ার মেয়ে তার কাছে এসে আশ্রয় নেওয়ার কারণ কী?
ক) বাবার ভালোবাসা খ) নির্যাতন
গ) বেড়াতে আসা ঘ) স্বামী মারা যাওয়া

১৯. কোনটি সামাজিক সমস্যা?
ক) দারিদ্র্য খ) খরা
গ) বন্যা ঘ) নদীভাঙন

২০. 'প্রতিষ্ঠান হলো কোন মৌলিক ব্যবস্থা এবং নিয়মকানুনের সমষ্টি যা কোনো মৌলিক কার্যক্রমকে কেন্দ্র করে গড়ে ওঠে'। উক্তিটি করেছেন কে?
ক) গ্রিনউড খ) আর্নেস্ট
গ) পেজ ঘ) ম্যাক ও ইয়ং

২১. ★ পরিবার দীর্ঘস্থায়ী হওয়ার যৌক্তিকতা কোনটি?
ক) সামাজিক মিথস্ক্রিয়া
খ) সামাজিক গতিশীলতা
গ) রক্তের বন্ধন
ঘ) আত্মার বন্ধন

২২.

আনসার	ভিডিপি	পুলিশ	?

উপরের (?) স্থানে কোনটি বসবে?
ক) রক্ষীবাহিনী খ) সশস্ত্রবাহিনী
গ) বিজিবি ঘ) নৌবাহিনী

২৩. আইন প্রয়োগকারী সংস্থার ভূমিকা অনন্য—
i. শিশু স্বাস্থ্যরক্ষায়
ii. শিশু শিক্ষায়
iii. শিশু অধিকার নিশ্চিত করার জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. ★ নারীদের ওপর দৈহিক, মানবিক, সামাজিক ও নির্যাতনকে কী বলে?
ক) নারী পাচার খ) নারী নির্যাতন
গ) নারী অপহরণ ঘ) ইভটিজিং

২৫. বিয়ের সময় কোনো পক্ষকে কত টাকা কম মূল্যের জিনিস উপহার দিলে তা যৌতুক বলে বিবেচিত হবে না?
ক) ৫০০ টাকা খ) ১০০০ টাকা
গ) ১৫০০ টাকা ঘ) ২০০০ টাকা

২৬. ★ শহর সমষ্টি উন্নয়ন প্রকল্পটি পরীক্ষামূলকভাবে কোথায় গ্রহণ করা হয়?
ক) ঢাকার ডেমরায়
খ) ঢাকার সূত্রাপুরে
গ) ঢাকার কায়েতটুলিতে
ঘ) ঢাকার রামপুরায়

২৭. গ্রামীণ সমাজসেবা কার্যক্রমে কোন পদ্ধতির প্রয়োগ পরিলক্ষিত হয়?
ক) ব্যক্তি সমাজকর্ম খ) দল সমাজকর্ম
গ) সমষ্টি সমাজকর্ম ঘ) সহায়ক সমাজকর্ম

২৮. ★ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভাপতি হলেন—
ক) রাষ্ট্রপতি
খ) প্রধানমন্ত্রী
গ) দুর্যোগ পুনর্বাসন মন্ত্রী
ঘ) উক্ত মন্ত্রণালয়ের সচিব

২৯. ওয়ার্ল্ড ভিশন কত বছর বয়সী শিশুদের প্রস্তুতিমূলক শিক্ষা প্রদান করে?
ক) ১-২ বছর খ) ২-৩ বছর
গ) ৩-৪ বছর ঘ) ৪-৬ বছর

৩০. Save the children-কখন প্রতিষ্ঠিত হয়?
ক) ১৯১৯ সালে খ) ১৯২০ সালে
গ) ১৯২৩ সালে ঘ) ১৯২৭ সালে

উত্তর																														
	১	ক	২	খ	৩	খ	৪	খ	৫	ক	৬	খ	৭	গ	৮	গ	৯	ঘ	১০	ক	১১	খ	১২	ক	১৩	গ	১৪	খ	১৫	গ
	১৬	ক	১৭	ঘ	১৮	খ	১৯	ক	২০	ঘ	২১	গ	২২	খ	২৩	খ	২৪	খ	২৫	ক	২৬	গ	২৭	গ	২৮	খ	২৯	ঘ	৩০	ক

https://teachingbd24.com